দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 20 SEP 2015 ...
পৃষ্ঠা ... ১৯ ... কলাম ... ৩ ...

# মেডিক্যালের ভর্তি পরীক্ষা বাতিল চেয়ে আইনজীবীর নোটিস

■ ইত্তেফাক রিপোর্ট

প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে এমবিবিএস ও ডেন্টাল ভর্তি পরীক্ষা বাতিল চেয়ে সরকারকে লিগ্যাল নোটিস পাঠিয়েছেন সুপ্রিম কোর্টের এক আইনজীবী। আগামী ২৪ ঘণ্টার মধ্যে এই ভর্তি পরীক্ষা বাতিল করে প্রশ্নপত্র ফাঁসের ঘটনা তদন্তের দাবি জানানো হয়েছে। গতকাল শনিবার কুরিয়ার সার্ভিসযোগে মন্ত্রিপরিষদ সচিব, আইন-সচিব ও স্বাস্থ্য সচিবকে এই নোটিস পাঠানো হয়। এতে বলা হয়, গত শুক্রবার যে প্রশ্নে মেডিক্যাল ও ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে, তার সঙ্গে ফাঁস হওয়া প্রশ্নের মিল পাওয়া গেছে। এজন্য প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ তদন্তে প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে পরবর্তীতে নতুন করে ভর্তি পরীক্ষা নেয়ার দাবি জানান নোটিসকারী আইনজীবী ইউনূস আলী আকন্দ। তিনি জানান, নোটিসের পরিপ্রেক্ষিতে ব্যবস্থা না নিলে হাইকোর্টে রিট আবেদন করা হবে।